

প্রিয় পরিবারবর্গ এবং বন্ধু-বান্ধবগণ,

নিউ ইয়র্ক সিটি গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (G&T) প্রোগ্রামসমূহ যোগ্য এলিমেন্টারি স্কুল শিক্ষার্থীদের ত্বরায়িত শিক্ষা-নির্দেশনা অফার করে। আমরা আজ এই চিঠির মাধ্যমে অবহিত করতে চাইছি যে, এই বসন্তের (স্প্রিং-এর) শেষ ভাগে যেসব পরিবারের ছেলেমেয়ে 2022 সালের ফল-এ (হেমস্তে) কিডারগার্টেন, 1, 2, বা 3 গ্রেডে প্রবেশ করবে, তারা G&T ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে। কিডারগার্টেন, 1, 2, বা 3 গ্রেডের G&T আবেদনপত্র 31 মে থেকে 13 জুন পর্যন্ত গ্রহণ করা হবে।

এ বছর কীভাবে G&T ভর্তি প্রক্রিয়া চলবে, সেটা এখানে দেয়া হলো:

### 2017 সালে জন্মগ্রহণকারী ছেলেমেয়েদের জন্য

এই বয়সের একটি ছেলেমেয়ে কোথায় প্রি-K-তে আছে (যদি থেকে থাকে), সেটার ভিত্তিতে এই ভর্তি প্রক্রিয়ায় কিছুটা ব্যতিক্রম হয়।

- যেসব শিক্ষার্থী বর্তমানে DOE-এর স্কুল, প্রি-K সেন্টার, NYC আর্লি এডুকেশন সেন্টার (NYCEEC), অথবা চার্টার স্কুলে পড়ছে তাদের জন্য
  - সকল প্রি-K শিক্ষার্থী তাদের বর্তমান শিক্ষকবৃন্দ দ্বারা মূল্যায়িত হবে।
  - যদি যোগ্য হয়, শিক্ষার্থীদের তখন G&T-তে ভর্তির জন্য মনোনয়ন করা হবে।
  - আবেদন শুরু হবার আগে, আবেদন করার জন্য আমন্ত্রণ জানিয়ে মনোনীত শিক্ষার্থীদের পরিবারদের, একটি G&T-এর যোগ্যতার চিঠি পাঠানো হবে; আগ্রহী হলে, তারা আবেদন যখন শুরু হবে তখন 31 মে থেকে 13 জুনের মধ্যে আবেদন করতে পারবেন।
  - সকল যোগ্য শিক্ষার্থীদের অফারের জন্য বিবেচনা করা হবে।
- যেসব শিক্ষার্থী বর্তমানে প্রাইভেট অথবা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুলে পড়ছে, অথবা এখনও কোনও স্কুলে ভর্তি হয়নি তাদের জন্য
  - আগ্রহী পরিবারেরা আবেদন শুরু হবার পর 31 মে থেকে 13 জুনের মধ্যে আবেদন করতে পারেন।
  - আবেদন গ্রহণ শেষ হবার পর, আর্লি চাইল্ডহুড এডুকেশন-এর বিশেষজ্ঞগণ সময়সূচি করার জন্য আবেদনকারীর সাথে যোগাযোগ করবেন।
  - যদি যোগ্য হয়, শিক্ষার্থীদের তখন G&T-তে ভর্তির জন্য মনোনয়ন করা হবে।
  - সকল যোগ্য শিক্ষার্থীদের অফারের জন্য বিবেচনা করা হবে।

**অনুগ্রহ করে জেনে রাখুন:** যেসব NYC পরিবার কিডারগার্টেনে আবেদন করেছেন, তারা এই সপ্তাহে অফারের চিঠি পাবেন। যারা একটি কিডারগার্টেনের অফার পাবেন (হয় এখন অথবা আসন্ন মাসে ওয়েটলিস্টের মাধ্যমে), তাদের শেষ সময়সীমার মধ্যে এই অফারটি গ্রহণ করতে আমরা জোর উৎসাহ দিচ্ছি, এমনকি তারা যদি একটি ওয়েটলিস্ট অথবা G&T থেকে অফার আশাও করে থাকেন, তবুও। এই অফারটি এখন গ্রহণ করলে ঐ প্রোগ্রামে আপনার সন্তানের আসন নিশ্চিত করে এবং অপেক্ষা-তালিকা (ওয়েটলিস্ট) অথবা G&T থেকে একটি অফারের চিঠি পাবার সম্ভাবনায় কোনও প্রভাব পড়বে না।

### 1, 2, এবং 3 গ্রেডে যারা ভর্তি হবে, সেসব শিক্ষার্থীদের জন্য

যেসব আগ্রহী পরিবারে 1, 2, এবং 3 গ্রেডে ভর্তি হবে এমন ছেলেমেয়ে রয়েছে, তারা 31 মে থেকে 13 জুন-এর মধ্যে আবেদন করতে পারেন।

## আরও জানুন

- সকল G&T প্রোগ্রাম অভিজ্ঞতার চাহিদাসম্পন্ন, প্রতিবন্ধিতাযুক্ত, একাধিক ভাষাভাষী শিক্ষার্থী, এবং অস্থায়ী আবাসন বা টেম্পোরারি হাউজিংয়ে বসবাসরত ছেলেমেয়ে সহ, সকল ছেলেমেয়েদের স্বাগত জানায় ও পরিষেবা প্রদান করে। অভিবাসন বা ইমিগ্রেশন অবস্থা যাই হোক না কেন, সকল পরিবার আবেদন করতে পারে।
- আসন্ন ভার্সিয়াল তথ্য অধিবেশন, কীভাবে আবেদন করা যাবে, এবং কীভাবে অফার দেয়া হয় সেবিষয়ে বিস্তারিত তথ্য সহ, G&T-তে ভর্তি সংক্রান্ত সর্বসাম্প্রতিক তথ্যের জন্য, আমাদের ওয়েবসাইট [schools.nyc.gov/GT](https://schools.nyc.gov/GT) দেখুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন

**এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে, আমাদের কিভারগার্টেনে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) □ নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না।**

আপনি যদি আমাদের কোনো একটি অথবা সবগুলো মেইলিং লিস্ট থেকে আর কোনও ইমেইল পেতে না চান, তবে আনসাবস্ক্রাইব করতে অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।